গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয়-শাখা

বিষয় ঃ সেপ্টেম্বর ও অক্টোবর/২০১৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	:	বেগম শামছুন নাহার সচিব প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
সভার তারিখ ও সময়	:	১৩-১১-২০১৬ খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকা।
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সভাকক্ষ।
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে গত ২৯-০৯-২০১৬ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনা ও সিদ্ধান্ত ঃ

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
১.১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	১। নির্ধারিত দায়িত্ব অনুযায়ী সকল কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে। ২। দপ্তর/সংস্থার সকল কর্মকর্তার মধ্যে এ মন্ত্রণালয়ের অনুসরণে দায়িত্ব বন্টন করে দিতে হবে। ৩। নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৬-১৭ বাস্তবায়ন অগ্রগতির সর্বশেষ অবস্থা সম্পর্কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন। তিনি বলেন ১ম ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। এ কোয়ার্টারে কয়েকটি লক্ষ্যমাত্রা অবশ্যই বাস্তবায়ন করতে হবে। তন্মধ্যে ২৬/০২/২০১৭ তারিখের মধ্যে ই-ফাইলিং কার্যক্রম প্রবর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, ৩০ নভেম্বর, ২০১৬ এর মধ্যে সেবা সহজীকরণের তালিকা ও সেবা গ্রহীতাদের সেবার মান সম্পর্কে মতামত প্রণয়নের ব্যবস্থা গ্রহণ ইত্যাদি অন্যতম। মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সদস্য-সচিব বলেন, ইনোভেশন কমিটির সভায় দপ্তর/সংস্থার উপযুক্ত প্রতিনিধি প্রেরণ করা খুব জরুরী। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন ও সহজীকৃত সেবার তালিকা ইনোভেশন টিমের নিকট প্রেরণের জন্য তিনি দপ্তর/সংস্থার প্রধানগণকে অনুরোধ জানান। সভাপতি বলেন, মন্ত্রণালয়ে প্রবেশমুখে এবং ওয়েবসাইটে অভিযোগ ও পরামর্শ বক্স স্থাপন করতে হবে। ফেইসবুক পেইজেও এ সুযোগ রাখা যেতে পারে। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর দৃষ্টি আকর্ষণ করেন।	ক) দ্রুততম সময়ের মধ্যে মন্ত্রণালয়ের সকল কর্মকর্তার ই-ফাইলিং প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। খ) অনলাইন/সহজীকৃত সেবার তালিকা প্রস্তুত পূর্বক নির্ধারিত সময়ের আগেই ইনোভেশন টিমের নিকট জমা দিতে হবে। গ) সেবা গ্রহীতাদের মতামত গ্রহণ বিষয়ে জরুরী পদক্ষেপ নিতে হবে।	ক) ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্মকর্তা ই-ফাইলিং খ) দপ্তর/সংস্থা গ) প্রশাসন অনুবিভাগ
	১। ইস্যুভিত্তিক ম্যাট্রিক্স প্রস্তুতপূর্বক দায়িত্ব বিভাজন তালিকা সকল কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন, CAP Format, Action plan 7FYP, Action plan EWOEP'16, Action plan SDGs গত ১৯-১০-২০১৬ তারিখের ১০১৭নং স্মারকে পত্রের মাধ্যমে মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রধানকে অবহিত করা হয়েছে এবং ১৯-১০-২০১৬ তারিখে এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।	১। নির্ধারিত দায়িত্ব মোতাবেক নির্দিষ্ট সময়ের মধ্যে সকল কাজ সম্পন্ন করতে হবে।	অনুবিভাগ প্রধান (সকল) ও দপ্তর/সংস্থা

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
২ ৭ম পঞ্চবার্ষিকী রিকল্পনা	২। NSSS কমিটির একটি অবহিতকরণ সভা অতিসত্ত্বর আয়োজন করে পরবর্তী সমন্বয় সভায় তার অগ্রগতি অবহিত করতে হবে।	মন্ত্রণালয়ের NSSS বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, NSSS বিষয়ে সকলের সম্যক ধারণা থাকা প্রয়োজন। এ লক্ষ্যে একটি কর্মশালা আয়োজন করতে হবে। অপর দিকে মন্ত্রণালয়ের চলমান অভ্যন্তরীণ প্রশিক্ষণে NSSS বিষয়টি অন্তর্ভূক্ত করতে হবে। তাছাড়া এ মন্ত্রণালয়ের প্রকল্প বাছাই কমিটিতে NSSS এর ফোকালপয়েন্ট কর্মকর্তাকে অন্তর্ভূক্ত করা প্রয়োজন।	ক) অতিসত্ত্বর মন্ত্রণালয়ের কর্মকর্তাদের নিয়ে NSSS বিষয়ে কর্মশালা আয়োজন করতে হবে। খ) মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ প্রশিক্ষণ মডিউলে NSSS বিষয়টি অন্তর্ভূক্ত করতে হবে। গ) মন্ত্রণালয়ের প্রকল্প বাছাই কমিটিতে NSSS এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অর্ন্তভুক্ত করতে হবে।	ক) ফোকাল পয়েন্ট কর্মকর্তা, NSSS খ) যুগ্মসচিব (উন্নয়ন ও প্রশিক্ষণ) গ) যুগ্মসচিব (উন্নয়ন ও প্রশিক্ষণ)
	৩। স্টেক হোল্ডারদের সমন্বয়ে একটি সভা করে এ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। তারপরে প্রজ্ঞাপন জারী করতে হবে।	পিছিয়ে থাকা জেলাগুলো থেকে অভিবাসন বৃদ্ধির বিষয়ে স্টেক হোল্ডারদের সাথে অনানুষ্ঠানিক আলোচনা হয়েছে মর্মে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) সভাকে অবহিত করেন। তিনি আরও বলেন, অভিবাসনে পিছিয়ে থাকা জেলাগুলো চিহ্নিত করা প্রয়োজন। উপসচিব জনাব মোহাম্মদ শাহীন বলেন, দারিদ্র এবং অভিবাসনের ভিত্তিতে পিছিয়ে থাকা জেলার তালিকা এ মন্ত্রণালয়ে প্রস্তুত আছে। উপসচিব (মিশন) বলেন, অভিবাসনে পিছিয়ে থাকা জেলার পাশাপাশি দূর্যোগপ্রবণ জেলাগুলোকে প্রাধান্য দেয়া প্রয়োজন। সভাপতি বলেন পিছিয়ে থাকা জেলার কোটা ৪% থেকে ৫% বৃদ্ধি করে প্রজ্ঞাপন জারি করতে হবে। পিছিয়ে থাকা জেলার তালিকা হালনাগাদ করে রাখতে হবে। কোনও জেলা/উপজেলা বিষয়ে বিএমইটি হতে কোনও বিশেষ কার্যক্রম গ্রহণ করা হলে ঐ তালিকা থেকে জেলা/উপজেলা নির্বাচন করতে হবে। অভিবাসনে পিছিয়ে থাকা জেলা চিহ্নিত করণের ক্ষেত্রে জেলাভিত্তিক অভিবাসী কর্মীর গত ৫ বছরের সংখ্যা পর্যালোচনা করে তথ্যাদি হালনাগাদ করার জন্য তিনি বিএমইটি মহাপরিচালকের দৃষ্টি আকর্ষণ করেন।	ক) অভিবাসনে পিছিয়ে থাকা জেলা চিহ্নিত করে তালিকা প্রণয়ন করতে হবে। খ) অভিবাসনে পিছিয়ে থাকা জেলার পাশাপাশি দূর্যোগ প্রবণ জেলাগুলো থেকে অভিবাসন বৃদ্ধির পদক্ষেপ নিতে হবে।	মহাপরিচালক বিএমইটি/ যুগ্ম সচিব (কর্মসংস্থান)
২.১. ইনোভেশন কমিটির কার্যক্রম	ক) দ্রুততম সময়ের মধ্যে অন লাইনে সিআইপি আবেদন গ্রহণের সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।	ক) অনলাইনে সিআইপি আবেদন গ্রহণের সফটওয়্যার তৈরির জন্য পতিষ্ঠান নিয়োগের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে, যুগ্মসচিব (বাজেট ও সেবা) সভাকে অবহিত করেন। সভাপতি দ্রুততম সময়ে কাজটি সম্পন্ন করার জন্য অনুরোধ জানান।	ক) দ্রুততম সময়ের মধ্যে অনলাইনে সিআইপি আবেদন গ্রহণের কার্যক্রম সম্পন্ন করতে হবে।	ক) যুগ্মসচিব (বাজেট ও সেবা)
	খ) দপ্তর/সংস্থার নির্ধারিত উদ্ভাবনী কর্ম পরিকল্পনার যে অংশ ডিসেম্বরের মধ্যে বাস্তবায়নযোগ্য তা সম্পন্ন করতে হবে এবং এ বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে।	খ) বিএমইটি, কল্যাণ বোর্ড ও বোয়েসেলের নির্ধারিত উদ্ভাবনীর কর্ম পরিকল্পনার বাস্তবায়নযোগ্য অংশ আগামী ডিসেম্বরের মধ্যে যথাসময়ে সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং নিয়মিত মনিটরিং জোরদার করা হয়েছে মর্মে ইনোভেশন কমিটির সভাপতি সভাকে অবহিত করেন।	খ) নির্ধারিত সময়ের মধ্যে উদ্ভাবনী কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।	খ) ইনোভেশন কমিটি, মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা
	গ) সভা/সেমিনার/ ওয়ার্কশপে অংশগ্রহণের পর দ্রুততম সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ের করণীয় সম্পর্কে সচিবকে অবহিত করতে হবে।	গ) অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন, সভা/সেমিনার/ওয়ার্কশপ/প্রশিক্ষণে অংশগ্রহণের পর দ্রুততম সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ের করণীয় সম্পর্কে সচিবকে অবহিত করার সিদ্ধান্তটি সকল কর্মকর্তাকে অবহিত করা হয়েছে। সভাপতি বলেন, যে কোন সভা/সেমিনারে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট বিষয়ে পুরো প্রস্তুতি নিয়ে যেতে হবে।	গ) সভা/সেমিনার/ওয়ার্কশপ/ প্রশিক্ষণ শেষে প্রতিবেদন দাখিলের জন্য একটি ছক প্রস্তুত করতে হবে।	গ) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
	ঘ) প্রতিমাসে ওয়েব সাইটে আপলোডকৃত এবং সংশোধনকৃত তথ্যের মাসিক প্রতিবেদন সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।	কার্যালয়ে একটি প্রোফরমা করা আছে। এ ধরণের একটি ছক তৈরি করা গেলে সভা/সেমিনার/ওয়ার্কশপ/প্রশিক্ষণ শেষে দ্রুততম সময়ে ছক পূরণপূর্বক উপস্থাপন করা সম্ভব হবে। (ঘ) মন্ত্রণালয়ের সর্বশেষ তথ্যাদি ওয়েবসাইটের হোম পেইজের দৃশ্যমান স্থানে স্থিরভাবে প্রদর্শন করার বিষয়ে সভাপতি মত প্রকাশ করেন।	ঘ) মন্ত্রণালয়ের ওয়েবসাইটের হোম পেইজের দৃশ্যমান স্থানে সর্বশেষ ও বহুল আলোচিত তথ্যাদি প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।	ঘ) সহকারী প্রোগ্রামার
	ভিসা চেকিং এ্যাপসটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করার পর স্বল্পতম সময়ের মধ্যে সকল ডিজিটাল সেন্টারে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক, বিএমইটি বলেন, মোবাইল ব্যবহারের মধ্যে অনলাইনে ভিসা চেকিং এর জন্য মোবাইল এ্যাপসটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করার প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। উদ্বোধনী হওয়ার পর অনলাইনে ভিসা চেকিং এ্যাপসটি সকল ডিজিটাল সেন্টারে খুব দ্রুত প্রেরণ করা হবে।	মোবাইলে অনলাইনে ভিসা চেকিং এ্যাপসটির আনুষ্ঠানিক উদ্বোধন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	মহাপরিচালক বিএমইটি
২.২. মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন মনিটরিং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি প্রতি সমন্বয় সভায় অবহিত করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ে সভাপতিত্বে ২৪-১০-২০১৬ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ে সভাপতিত্বে ২৪-১০-২০১৬ তারিখ সভা অনুষ্ঠিত হয়েছে। ইতোমধ্যে সভার কার্যবিবরণী প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ ও ড্যাশবোর্ডে আপলোড করা হয়েছে। বিএমইটি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও বোয়েসেলের প্রতিনিধিবৃন্দ জানান, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহের বিএমইটি'র বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন সমন্বয় সভায় উপস্থাপনের জন্য নিয়মিত প্রেরণ করা হয়। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক সভাকে জানান, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী দালাল ও অন্যান্য মধ্য-স্বত্বভোগীদের হয়রানি ও প্রতারণা হতে রক্ষার্থে জেলা তথ্য অফিসের মাধ্যমে সচেতনতামূলক প্রচারণার জন্য জেলা তথ্য অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি প্রতি সমন্বয় সভায় অবহিত করতে হবে।	প্রশাসন অর্থ অনুবিভাগ ও দপ্তর/সংস্থা
	ঢাকাস্থ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে আবাসিক প্রশিক্ষণ চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, বিএমইটি বলেন, ঢাকাস্থ ৩টি টিটিসি থেকে আবাসিক প্রশিক্ষণের লক্ষ্যে বাড়ি ভাড়ার প্রস্তাব পাওয়া গিয়েছে বিএমইটি থেকে সরেজমিনে উক্ত প্রস্তাবিত বাড়িগুলো পরিদর্শন পূর্বক ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি আরও বলেন, ইতোমধ্যে ঢাকা ছাড়া সকল টিটিসিতে আবাসিক প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে।	ঢাকাস্থ টিটিসিগুলোতে মহিলাদের আবাসিক প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার লক্ষ্যে বাড়ি ভাড়ার কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	মহাপরিচালক, বিএমইটি
	কাতারে অন্যান্য পেশায় নারী কর্মী প্রেরণে সর্বশেষ গৃহীত পদক্ষেপ সম্পর্কে জানাতে হবে।	কাতার বাংলাদেশের অন্যতম শ্রমবাজার। বাংলাদেশ ও কাতারের মধ্যে ১৯৮৮ সালে স্বাক্ষরিত চুক্তির আওতায় কাতারে বাংলাদেশী কর্মীর অভিবাসন হচ্ছে। কাতারে অধিকহারে জনশক্তি প্রেরণের কূটনৈতিক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এরই ধারাবাহিকতায় কাতারের মাননীয় শ্রম ও সমাজ কল্যাণ মন্ত্রীর আমন্ত্রণে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ০৩-০৫ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে কাতার সফর করেন। মাননীয় মন্ত্রীর কাতার সফরের ফলশ্রুতিতে কাতারের ০৩ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল ২-৫	কাতারে কর্মী প্রেরণে বিশেষ উদ্যোগ গ্রহণপূর্বক পরবর্তী সমন্বয় সভায় অবহিত করতে হবে।	যুগ্মসচিব (কর্মসংস্থান)

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
		বাংলাদেশের প্রতিনিধিদের সাথে দু'দেশের মধ্যে বিদ্যমান যৌথ কমিটির সভায় অংশগ্রহণ করেন। কাতার বাংলাদেশ থেকে নারী গৃহকর্মীর পাশাপাশি অন্যান্য পেশায়ও নারীকর্মী নিতে আগ্রহ প্রকাশ করেছে। উক্ত যৌথ কমিটির সভার কার্যবিবরণী কাতারের প্রতিনিধিদল কর্তৃক স্বাক্ষরিত হয়েছে। কার্যবিবরণী স্বাক্ষর এবং নারী গৃহকর্মী ব্যতিত অন্যান্য পেশায় নারীকর্মীসহ কর্মী নেয়ার বিষয়ে কাতারের স্থায়ী রিক্রুটিং কমিটির সভাপতির সাথে কাতারস্থ বাংলাদেশ শ্রম উইং এর কাউন্সিলর যোগাযোগ রাখছেন। এছাড়া বাংলাদেশস্থ কাতারের দূতাবাসের সাথেও যোগাযোগ রাখা হচ্ছে।		
২.৩. অডিট আপত্তি সংক্রান্ত	ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৬-১৭ এর নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে। খ) অডিট সংক্রান্ত তথ্যাদির মাসিক প্রতিবেদন সমন্বয় শাখা ও বাজেট অধিশাখায় নিয়মিত প্রেরণ করতে হবে।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৬-১৭ এর নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী অডিট আপত্তি নিষ্পত্তি করা হচ্ছে মর্মে উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন। দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভার মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির প্রক্রিয়া চলমান আছে। উপসচিব (বাজেট) তার অধিশাখা হতে প্রেরিত ছক মোতাবেক অডিট সংক্রান্ত তথ্য নিয়মিত প্রেরণের জন্য দপ্তর/সংস্থার নিকট অনুরোধ জানান।	ক) দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভার মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। খ) ছক মোতাবেক অডিট সংক্রান্ত তথ্য বাজেট অধিশাখা ও সমন্বয় শাখায় নিয়মিত প্রেরণ করতে হবে।	যুগ্মসচিব (বাজেট ও সেবা)
২.৪ ভিজিলেন্স টাস্কফোর্স এর কার্যক্রম পরিচালনা	ক) ভিজিলেন্স টাস্কফোর্সের অভিযান সংক্রান্ত প্রতিবেদন নিয়মিত ওয়েবসাইটে আপলোড করতে হবে। খ) ভিজিলেন্স টাস্কফোর্সের অভিযান সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে কোন পর্যবেক্ষণ/ মতামত থাকলে তা সভাকে অবহিত করতে হবে।	সভায় জানানো হয় যে, সেপ্টেম্বর ও অক্টোবর মাসে ২টি অভিযান হয় এবং একই সাথে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয়। লাইফ ডায়াগনস্টিক সেন্টার লিঃ এর ব্যবস্থাপনাগত অনিয়ম ও দূর্বলতার কারণে উক্ত প্রতিষ্ঠানকে ৪০০০০/-টাকা জরিমানা দন্ডে দন্ডিত করা হয়। অপরদিকে গ্লোবাল এক্সপ্রেস কনসালটেন্সি প্রতিষ্ঠানে অভিযানকালে অফিস প্রধান পলাতক থাকায় নিয়মিত মামলা রুজুর জন্য বনানী থানায় প্রেরণ করা হয়। সভাপতি বলেন, সৌদি আরবগামী পুরুষ কর্মীদের অভিবাসন ব্যয় ১,৬৫,০০০/- টাকা নির্ধারণ করা হয়েছে। সৌদি আরবগামী কর্মীদের প্রকৃত খরচ সম্পর্কে সুস্পষ্ট ধারণা পাওয়ার লক্ষ্যে তিনি ভিজিলেন্স টাস্কফোর্সকে বিমান বন্দরে অভিযান পরিচালনা করার জন্য অনুরোধ করেন।	সৌদি আরবগামী কর্মীদের নিকট থেকে নির্ধারিত অভিবাসন ব্যয়ের অধিক অর্থ আদায় করা হচ্ছে কি না তা মনিটরিং করার জন্য ঢাকাস্থ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে।	যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট)
২.৫ অনিষ্পন্ন বিষয়	মন্ত্রণালয়/দপ্তর-সংস্থার কাছে পেন্ডিং থাকলে তালিকা সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। সমন্বয় শাখা উক্ত তালিকা সংশ্লিষ্ট শাখা কর্মকর্তার নিকট প্রেরণ করবে। অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত সর্বশেষ অগ্রগতি সংশ্লিষ্ট শাখা সমন্বয় সভায় উপস্থাপন করবেন।	উপসচিব (সংস্থা) সভাকে জানান, বিএমইটি হতে প্রেরিত আগস্ট, সেপ্টেম্বর ও অক্টোবর,২০১৬ এর পেন্ডিং তালিকা পরীক্ষান্তে দেখা গেছে, মন্ত্রণালয়ের কাছে বিএমইটি'র কোন চিঠি প্রকৃত অর্থে পেন্ডিং নেই। সভাপতি বলেন, দপ্তর/সংস্থা থেকে চাহিত তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে পৌছানো জরুরী। এ বিষয়ে তিনি দপ্তর/সংস্থার প্রধাণগণের দৃষ্টি আকর্ষণ করেন।	১। সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নির্দিষ্ট সময়সীমার মধ্যে নথি নিষ্পত্তি করতে হবে। ২। কোনভাবেই যাতে কোন বিষয় অনিষ্পন্ন না থাকে তা সতর্কতার সাথে খেয়াল রাখতে হবে।	অনুবিভাগ প্রধান (সকল) এবং দপ্তর/সংস্থা (সকল)

দপ্তর/সংস্থা :

৩.০. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৩.১ মামলা সংক্রান্ত	এ মন্ত্রণালয়ের আইন সেল গঠনের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) বলেন, মন্ত্রণালয়ের আইন সেল স্থাপনের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতির পর আইন শাখার ০৪টি পদ সৃজনে সম্মতি প্রদানের জন্য অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।	পদ সৃজন সম্পর্কিত সম্মতি সংগ্রহের জন্য অর্থ মন্ত্রণালয়ে যোগাযোগ রাখতে হবে।	প্রশাসন উইং
	মামলা নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণপূর্বক সমন্বয় শাখায় প্রতিবেদন প্রেরণ করতে হবে।	প্রতিবেদন পাওয়া গিয়েছে। 'ছক-২' সদয় দেখা যেতে পারে।	মামলা নিষ্পত্তির জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করে নির্ধারিত ছকে উল্লেখপূর্বক মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	দপ্তর/সংস্থা

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৪.১. বিদেশে মৃত কর্মীর সংখ্যা, বিদেশ থেকে মৃতদেহ আনার সংখ্যা, ক্ষতিপূরণ দেওয়ার পরিমাণ ইত্যাদি সম্পর্কে আপডেট তথ্য প্রদান	ক) 'প্রবাস বন্ধু' কলসেন্টারের ফোন নম্বর ওয়েবসাইটে স্থিরভাবে প্রদর্শনসহ ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে।	মহাপরিচালক, কল্যাণ বোর্ড সভাকে জানান যে, 'প্রবাস বন্ধু' কলসেন্টারের ফোন নম্বর ওয়েবসাইটে স্থিরভাবে প্রদর্শন করা হয়েছে। ব্যাপক ভাবে প্রচারের জন্য বিদেশে গমনেচ্ছু কর্মীদের কলসেন্টারের ফোন নম্বর এবং সামাজিক যোগাযোগ মাধ্যমের আইডি/নম্বর প্রদান এবং সৌদিস্থ বাংলাদেশ দূতাবাস, জর্ডানস্থ বাংলাদেশ দূতাবাস এবং মালয়েশিয়ায় বাংলাদেশ হাইকমিশন এর মাধ্যমে ব্যাপকভাবে প্রচার করা হচ্ছে।	'প্রবাসবন্ধু' কলসেন্টার নামক পাইলট প্রকল্পের অন্তবর্তীকালীন প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।	মহাপরিচালক, কল্যাণ বোর্ড
৪.২ মেডিকেল অফিসার নিয়োগ		সভাপতি বলেন, মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের আকস্মিক অসুস্থতায় তাৎক্ষণিক চিকিৎসা প্রদানের জন্য একজন মেডিকেল অফিসার থাকা অতীব জরুরী। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য তিনি মহাপরিচালক, কল্যাণ বোর্ডের দৃষ্টি আকর্ষণ করেন।	কল্যাণ বোর্ড থেকে একজন মেডিকেল অফিসার নিয়োগ দিতে হবে।	

বোয়েসেল :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৫.১. বোয়েসেলের কার্যক্রম	বিদেশী ওয়েবসাইট থেকে কর্মীর চাহিদা সংক্রান্ত তথ্যাদি সংগ্রহের জন্য একজন আইটি বিশেষজ্ঞ নিয়োগ করা যায় কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বিদেশী ওয়েবসাইট থেকে কর্মীর চাহিদা সংক্রান্ত তথ্যাদি সংগ্রহের জন্য একজন আইটি বিশেষজ্ঞ নিয়োগ করা যায় কিনা সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	একজন আইটি বিশেষজ্ঞ নিয়োগের বিষয়ে সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় অবহিত করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল

৬. বিবিধ :

৬.১ আন্তর্জাতিক অভিবাসী দিবস উদযাপন ঃ আন্তর্জাতিক অভিবাসী দিবস উপযাপন উপলক্ষ্যে মূল কমিটির পরবর্তী সভার পূর্বেই সকল উপকমিটিকে প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। দিবসটি যথাযোগ্য মর্যাদায় এবং সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে পোস্টার ছাপানোর জন্য বিজিপ্রেসে পত্র প্রেরণ করা হয়েছে। গঠিত কমিটির আলোকে ১০-১১-২০১৬ তারিখ সভা আহ্বান করা হয়েছে। আর্থিক অনুদান চেয়ে ইউএন ওমেন, আইএলও, বায়রা, মানুষের জন্য ফাউন্ডেশনে পত্র প্রেরণ করা হয়েছে। অন্যান্য কার্যাবলী চলমান রয়েছে মর্মে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) জানান।

৬.৪ প্রবাসী কল্যাণ ব্যাংক ঃ প্রবাসী কল্যাণ ব্যাংকের মাসিক কার্যক্রমসমূহ সমন্বয় সভার এজেন্ডাভুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

(বেগম শামছুন নাহার)
সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়